

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭১৩

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. প্রথম অনুচ্ছেদ - মসজিদ ও সালাতের স্থান

بَابُ الْمُسَاجِدِ وَمَوَاضِعِ الصَّلَاةِ

আরবী

وَعَن جُنْدُب قَالَ: سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «أَلَا وَإِنَّ مَنْ كَانَ قَبْلَكُمْ كَانُوا يَتَّخِذُوا الْقُبُورَ مَسَاجِدَ إِنِّي كَانُوا يَتَّخِذُوا الْقُبُورَ مَسَاجِدَ إِنِّي كَانُوا يَتَّخِذُوا الْقُبُورَ مَسَاجِدَ إِنِّي أَنْهَاكُمْ عَنْ ذَلِكَ» . رَوَاهُ مُسلم

বাংলা

৭১৩-[২৫] জুনদুব (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, সাবধান! তোমাদের আগে যারা ছিল তারা তাদের নবী ও বুজুর্গ লোকেদের কবরকে মসজিদে পরিণত করেছে। সাবধান! তোমরা কবরসমূহকে মসজিদে পরিণত করো না। আমি তোমাদেরকে এ কাজ হতে নিশ্চিতভাবে নিষেধ করছি। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: মুসলিম ৫৩২, ইরওয়া ২৮৬, সহীহ আল জামি' ২৪৪৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: বুখারী মুসলিমে 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত যে, উন্মু হাবীবাহ্ ও উন্মু সালামাহ্ (রাঃ) গীর্জার আলোচনা করেন যা হাবশায় দেখেছেন, তাতে মূর্তি রয়েছে। এ বিষয়টি রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জানালে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেন, নিশ্চয় তাদের মধ্যে ভালো মানুষ ছিল। তারা যখন মারা যেত তাদের কবরের উপর মাসজিদ বানাতো এবং সেখানে তাদের মূর্তি বানাতো। আর এরাই হলো কিয়ামাতের (কিয়ামতের) দিনে আল্লাহর নিকট নিকৃষ্ট সৃষ্টিজীব।

ইবনু হাজার বলেনঃ পূর্বের যুগের লোকেরা এমনটি করতো যে তারা তাদের ছবি দেখে প্রশান্তি লাভ করতো এবং



স্মরণ করতো তাদের নেক অবস্থাকে। আর তাদের মতো প্রচেষ্টা করতো। এরপরে পরবর্তী প্রজন্ম আসলো। পূর্ববর্তী লোকদের উদ্দেশ্য ভুলে গেল আর শায়ত্বন (শয়তান) তাদেরকে কুমন্ত্রণা দিলো তোমাদের পূর্ববর্তীরা এ ছবিগুলোর 'ইবাদাত করতো এবং সম্মান করতো। সুতরাং তোমরা এদের 'ইবাদাত করো। অতঃপর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ ব্যাপারে সতর্ক করলেন এবং এ পথকে বন্ধ করলেন অনুরূপ পরিবেশের দিকে ধাবিত যেন আর না হয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন